# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 16-08-2026** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, আগামী এক বছরে এক কোটি তরুণ-তরুণীকে কৃত্রিম বুদ্ধিমত্তার প্রশিক্ষণ দেওয়া হবে ।

২) রাজ্যে আজ আনুষ্ঠানিকভাবে চালু হচ্ছে কেন্দ্রের স্বাস্থ্যবিমা প্রকল্প আয়ুষ্মান ভারত। ১৬ অগস্টকে 'আয়ুষ্মান দিবস' হিসেবে পালনেরও ঘোষণা করেছে রাজ্য সরকার।

৩) রাজ্য বিধানসভার প্রাক্তন ডেপুটি স্পিকার আশিস বন্দ্যোপাধ্যায়ের অস্বাভাবিক মৃত্যু।

৪) নদীয়ার নাকাশিপাড়া থানার নাগাদি রেলগেটের কাছে দুষ্কৃতিদের হামলায় প্রাণ হারিয়েছেন কংগ্রেসে নেতা আনিসুর রহমান ও তার পুত্র আবু সুফিয়ান রহমান ।

৫) পাক গুপ্তচর সংস্থার হয়ে চরবৃত্তির অভিযোগে কোচবিহারের সাহেবগঞ্জ থেকে তিন যুবককে গ্রেফতার করেছে এসটিএফ।

সন্ত্রাসবাদী সংগঠনের সঙ্গে যুক্ত সন্দেহে বেঙ্গালুরু থেকে গ্রেফতার বাদুড়িয়ার এক যুবক।

৬) উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের জেরে আগামী মঙ্গলবার পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর।

<u>০০০০০০০০০০০০০০০০</u>

আগামী এক বছরে এক কোটি তরুণ-তরুণী কৃত্রিম বুদ্ধিমত্তাকে কাজে লাগিয়ে দক্ষতা বিকাশের প্রশিক্ষণ দেওয়া হবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন। গতকাল ৮০-তম স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে লালকেল্লার প্রাকার থেকে তাঁর ভাষণে প্রধানমন্ত্রী বলেন, দেশের যুব সমাজ এর ফলে এআই ক্ষেত্রে পৃথিবীকে নেতৃত্ব দেওয়ার ক্ষমতা অর্জন করবে।

(বাইট – প্রধানমন্ত্রী/ বুদ্ধিমত্তা)

<u>০০০০০০০০০০০০০০০০০</u>

রাজ্যে বিজেপি সরকারের ১০০ দিন পূর্ণ হচ্ছে আজ। ক্ষমতায় আসার শততম দিনে আজ আনুষ্ঠানিকভাবে চালু হচ্ছে কেন্দ্রের স্বাস্থ্যবিমা প্রকল্প আয়ুষ্মান ভারত। একই সঙ্গে ১৬ অগস্টকে 'আয়ুষ্মান দিবস' হিসেবে পালনেরও ঘোষণা করেছে রাজ্য সরকার।

নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে রাজ্য সরকারের পক্ষ থেকে আজ এক অনুষ্ঠানে আয়ুষ্মান ভারত কার্ড বিতরণ শুরু হবে। যাঁরা কোনও কারণে আয়ুষ্মান ভারতের আওতায় আসতে পারবেন না, তাঁদের জন্য সমপর্যায়ের সুবিধাসম্পন্ন 'মুখ্যমন্ত্রী স্বাস্থ্যবীমা' প্রকল্পও চালু করার কথা জানিয়েছে রাজ্য সরকার।

সরকারি হিসাব অনুযায়ী, রাজ্যে প্রায় ১ কোটি ৫০ লক্ষ পরিবার, অর্থাৎ প্রায় ৬ কোটি মানুষ আয়ুষ্মান ভারতের স্বাস্থ্যবিমা পরিষেবার আওতায় আসবেন। এর আগে রাজ্য সরকারের তরফে জানানো হয়েছিল, ইতোমধ্যেই প্রায় ৩ কোটি ৪০ লক্ষ মানুষের আয়ুষ্মান ভারতের জন্য নাম নথিভুক্ত হয়েছে।

স্বাস্থ্য পরিষেবাকে আরও সহজলভ্য এবং আর্থিকভাবে সুরক্ষিত করতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগেই ঘোষণা করেছিলেন, ১৬ অগস্ট ‘খেলা হবে দিবস’-এর পরিবর্তে ‘আয়ুষ্মান দিবস’ পালন করা হবে।

ooooooooooooooooo

রাজ্য বিধানসভার প্রাক্তন ডেপুটি স্পিকার আশিস বন্দ্যোপাধ্যায়ের অস্বাভাবিক মৃত্যু। আজ সকালে তার বাড়ি সংলগ্ন দলীয় কার্যালয় থেকে তাঁর ঝুলন্ত দেহ উদ্ধার করা হয়। আশিষবাবু ছিলেন রামপুরহাটের পাঁচ বারের বিধায়ক । এবার তিনি বিজেপি প্রার্থী ধ্রুব সাহার কাছে পরাজিত হন। কী ভাবে তাঁর মৃত্যু, এখনও স্পষ্ট নয়।

oooooooooooooooo

শহরের নির্দিষ্ট কিছু এলাকাকে পরিচ্ছন্ন রাখতে হকার উচ্ছেদ প্রয়োজন বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য জানিয়েছেন, দেরি হলেও এই কাজ করতে হবে। তাদের দল পুরোপুরিভাবে হকারদের সরিয়ে দেওয়ার পক্ষে নয়। তবে কিছু ক্ষেত্রে হকারদের সরিয়ে দেওয়া প্রয়োজন।

(বাইট – শমীক/ হকার উচ্ছেদ)

oooooooooooooooo

ল্যান্ড পোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার উদ্যোগে গতকাল পেট্রাপোলে স্বাধীনতা দিবস অনুষ্ঠানে কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর বলেন উত্তর ২৪ পরগনার পেট্রাপোলের যেভাবে উন্নতি করছে তাতে আগামী দিনে ল্যান্ড পোর্ট অথরিটির দায়িত্ব

আরও বাড়বে। এই স্থলবন্দর দিয়ে ভারত – বাংলাদেশের মধ্যে পণ্য সরবরাহ আরও বাড়বে বলে তিনি আশা প্রকাশ করেন।

(বাইট – শান্তনু ঠাকুর)

OOOOOOOOOOOOOOOOO

নদীয়ার নাকাশিপাড়া থানার নাগাদি রেলগেটের কাছে দুষ্কৃতিদের হামলায় প্রাণ হারিয়েছেন কংগ্রেসে নেতা আনিসুর রহমান ও তার পুত্র আবু সুফিয়ান রহমান । গত রাতে বাবা ও ছেলে বাইকে চেপে যখন বাড়ি ফিরছিলেন সেই সময় গাড়িতে আসা দুষ্কৃতীরা তাদের রাস্তা আটকে প্রথমে কয়েক রাউন্ড গুলি চালায় বলে অভিযোগ। এরপর গাড়ি থামিয়ে ধারালো অস্ত্র দিয়ে দু-জনকে আক্রমণ করে বলে পুলিশ সূত্রে জানা গেছে। তাদের স্থানীয় হাসপাতালে নিয়ে গেলে ডাক্তার দুজনকেই মৃত ঘোষণা করেন। কে বা কারা এই ঘটনার পেছনে রয়েছে – পুলিশ তা তদন্ত করে দেখছে। এই হত্যার ঘটনার নিন্দা করেছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী। দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন তিনি। এই নৃশংস হত্যাকান্ডের প্রতিবাদে কংগ্রেস আজ রাজ্যজুড়ে কালা দিবস পালন করবে বলে জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার।

OOOOOOOOOOOOOOOOO

পাক গুপ্তচর সংস্থা আইএসআইয়ের হয়ে চরবৃত্তির অভিযোগে কোচবিহারের দিনহাটা-২ ব্লকের সাহেবগঞ্জ থেকে তিন যুবককে গ্রেফতার করেছে রাজ্য পুলিশের এসটিএফ।

অন্যদিকে, সন্ত্রাসবাদী সংগঠনের সঙ্গে যুক্ত সন্দেহে কর্নাটকের বেঙ্গালুরু থেকে গ্রেপ্তার হয়েছে উত্তর ২৪ পরগনার বাদুড়িয়ার এক যুবক।

গোপন খবরের ভিত্তিতে দিনহাটা এলাকায় অভিযান চালিয়ে রশিদুল হক, নাসিরুদ্দিন আলি এবং সফিকুল ইসলামকে গ্রেফতার করে এসটিএফ। ভারতীয় সিমকার্ড বাংলাদেশ হয়ে পাকিস্তানে তারা পাচার করতো বলে অভিযোগ।

ধৃতদের গতকাল দিনহাটা মহকুমা আদালতে তোলা হলে ১৪ দিনের পুলিশ হেফাজত হয়। এরা জাল নোট তৈরির কারবারের সঙ্গেও যুক্ত ছিল বলে সূত্রের খবর।

এদিকে, বেঙ্গালুরু থেকে ধৃত বাদুড়িয়ার নোয়াপাড়ার বাসিন্দা ২৫ বছরের আশরাফুল মল্লিকের মোবাইল ফোন এবং বাজেয়াপ্ত নথি থেকে একাধিক জঙ্গি সংগঠনের সঙ্গে যোগাযোগের স্পষ্ট প্রমাণ মিলেছে। গোবরডাঙা কলেজ থেকে স্নাতক হওয়ার পর প্রায় দেড় বছর আগে একটি বে-সরকারী সংস্থায় নিরাপত্তা কর্মীর কাজ নিয়ে সে বেঙ্গালুরু পাড়ি দিয়েছিল। অনলাইনে তার সন্দেহজনক গতিবিধি নজরে আসে পুলিশের। জিজ্ঞাসাবাদের জন্য ধৃতের বাবাকে ডেকে পাঠিয়েছে বেঙ্গালুরু পুলিশ।

উল্লেখ, এর আগে লস্কর-ই-তৈবার সঙ্গে যোগাযোগ থাকার অভিযোগে বাদুড়িয়া থেকে গ্রেফতার হয় কলেজ ছাত্রী তানিয়া পারভিন।

<u>oooooooooooooooo</u>

বর্ধমানের রেনেশাঁ উপনগরী থেকে জঙ্গি-যোগের অভিযোগে এক যুবক গ্রেফতারের পর, এরাজ্যে জঙ্গি কার্যকলাপ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন শিল্প ও বাণিজ্য দপ্তরের প্রতিমন্ত্রী মৌমিতা বিশ্বাস মিশ্র। বর্ধমানে তিরঙ্গা যাত্রায় অংশ নিয়ে তিনি দাবি করেন, বাংলাদেশ ও পাকিস্তান থেকে অনেক জঙ্গি পশ্চিমবঙ্গে ঢুকে পড়েছে। তাদের উদ্দেশ্য যাতে সফল না হয়, সেজন্য সাধারণ মানুষকে সতর্ক থাকার পরামর্শ দেন তিনি । পাশাপাশি জঙ্গি কার্যকলাপ বা সন্দেহজনক গতিবিধি সম্পর্কে তথ্য পেলে তা প্রশাসনকে জানাতে বলেছেন ।

উল্লেখ্য, সপ্তাহ দুয়েক আগে বর্ধমানের রেনেসাঁ উপনগরী থেকে হামিম মণ্ডল নামে এক যুবককে জঙ্গি-যোগের অভিযোগে গ্রেফতার করে রাজ্য এসটিএফ।

<u>oooooooooooooooo</u>

হাওড়া পুরসভার প্রাক্তন মেয়র পরিষদ তৃণমূল কংগ্রেস নেতা শ্যামল মিত্রকে নিউ টাউন থেকে গ্রেফতার করেছে পুলিশ । তার বিরুদ্ধে তোলাবাজি, ভীতি প্রদর্শন, মারধর সহ নানা অভিযোগ রয়েছে । গত চৌঠা মেয়ে বিধানসভা ভোটের ফল প্রকাশের দিন বিকেলে গণনার দায়িত্বে থাকা সাব ইন্সপেক্টর পাপ্পু যাদবের নেতৃত্বে পুলিশ বাহিনী হাওড়া ময়দানের দিকে যাওয়া এক বিশাল মিছিলের পথ রোধ করে। শ্যামল মিত্রের নেতৃত্বে তৃণমূল কংগ্রেসের ঐ মিছিলের প্রশাসনিক অনুমতি ছিল না বলে পুলিশের অভিযোগ। নির্বাচনী আচরণ বিধি ভঙ্গ করা হচ্ছে বলে সতর্ক করা হলেও শ্যামল মিত্রের নেতৃত্বে ওই মিছিল থেকে বেশ কয়েকজন পুলিশের উপর হামলা চালানো হয়। এতে কয়েকজন পুলিশ কর্মী আহত হন বলে অভিযোগ।

এদিকে শিবপুর থানায় শুভজিৎ চট্টোপাধ্যায় নামে অন্য এক ব্যক্তি ধৃত শ্যামল মিত্র, তার ওপর হামলা চালিয়েছে বলে অভিযোগ করেছেন। টাকা ছিনিয়ে নেওয়ার পাশাপাশি তাকে মেরে ফেলার হুমকি দেওয়া হয়।

<u>ooooooooooooooooo</u>

প্রতি বছরের মতো  এবারেও ফুটবল প্রেমী দিবস উপলক্ষে আজ  আইএফএ ও অসোসিয়েশন অফ ভলান্টারি ব্লাড ডোনারস ওয়েস্ট বেঙ্গলের উদ্যোগে রক্ত দান শিবিরের আয়োজন করা হয়েছে। ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে শিবির শুরু হবে সকাল ৯ টায়। চলবে সন্ধ্যা ৬ টা পর্যন্ত। এবারে রক্ত দাতা দের প্রাক্তন ফুটবলার তরুন দে,র স্বাক্ষরিত শংসাপত্র দেওয়া হবে।

উল্লেখ্য, ১৯৮০ সালের ১৬-ই আগষ্ট ইডেনে ইস্টবেঙ্গল ও মোহনবাগান ম্যাচে এক মর্মান্তিক দুর্ঘটনায় ১৬ জন দর্শক প্রাণ হারান। সেই ঘটনার স্মরণে এই দিনটি রক্ত দানের মধ্য দিয়ে ফুটবল প্রেমী দিবস হিসাবে পালিত হয়ে থাকে।

ooooooooooooooooo

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের জেরে আগামী মঙ্গলবার পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। মৎস্যজীবীদেরও আগামী মঙ্গলবার পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। এদিকে উত্তরবঙ্গে হিমালয় সন্নিহিত ৫ জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হতে পারে বলে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দফতরের বিজ্ঞানী ডক্টর অন্বেষা ভট্টাচার্য।

(বাইট – অন্বেষা ভট্টাচার্য)

oooooooooooooooo

পশ্চিম মেদিনীপুরের সবং ব্লকের বন্যার পরিস্থিতির এখনো বিশেষ উন্নতি হয়নি। সবং-এর মধ্য দিয়ে প্রবাহিত কেলেঘাই এবং কপালেশ্বরী নদীর পার্শ্ববর্তী এলাকার গ্রামগুলির বাসিন্দারা আশঙ্কার মধ্যে রয়েছেন। সবংয়ের সারতা, বিষ্ণুপুর, চাউলকুড়ি, খড়িকা, দশগ্রাম, দন্ডরা প্রভৃতি এলাকা এখনও জলমগ্ন রয়েছে। প্রায় ৬ হাজার মানুষ নিদারুণ পরিস্থিতির মধ্যে বাস করছেন। প্রশাসন এবং স্থানীয় বিধায়কের পক্ষ থেকে এলাকা পরিদর্শন করে ত্রাণ সামগ্রী পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে আজ পশ্চিম মেদিনীপুর জেলাতে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দেওয়া হয়েছে এবং আগামীকাল অতিভারী বর্ষণেরও পূর্বাভাস

রয়েছে। জেলাতে আজ কমলা এবং আগামীকাল লাল সর্তকতা জারি করা হয়েছে। সবংয়ের কেলেঘাই নদীর বাঁধের বহু অংশ দুর্বল থাকায় লাাঙলকাটা, খড়িকা প্রভৃতি গ্রামে আতঙ্ক ছড়িয়েছে।

**oooooooooooooooo**

ইস্টবেঙ্গল আজ ডুরাণ্ড কাপ ফুটবলে কোয়ার্টার ফাইনাল ম্যাচে ভারতীয় সেনার মুখোমুখি হবে। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। গ্রুপ পর্বে গ্রুপ এ তে থাকা ইস্টবেঙ্গল ৩ ম্যাচে ৬ পয়েন্ট সংগ্রহ করে দ্বিতীয় স্থানে থাকা সেরা দল হিসেবে কোয়ার্টার ফাইনালে পৌঁছেছে। গ্রুপ বি তে থাকা ভারতীয় সেনা দল গ্রুপ পর্বে সবকটি ম্যাচ জিতে শীর্ষ স্থানে থেকে শেষ আটে পৌঁছেছে।

এর আগে প্রথম কোয়ার্টার ফাইনাল ম্যাচে এস সি দিল্লি, এফ সি রায়েনদাই এর বিরুদ্ধে খেলবে। রাঁচির বিরসা মুন্ডা স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল চারটেয়। গ্রুপ সি তে থাকা দিল্লি গ্রুপ পর্বে সবকটি ম্যাচ জিতে ও গ্রুপ ডি তে থাকা রায়েনদাই গ্রুপ পর্বে দুটি ম্যাচ জিতে কোয়ার্টার ফাইনালে পৌঁছেছে।

oooooooooooooooooooo

ooooooooooooooooooooo